1. Learned about SEO a bit.
2. Learned about punch line making.
3. Learned about contruction of digital story.

Project 5

Project Name: Preparing Package on Victory of Muslims in Al Aqsa Mosque on Sabe Kadar

Project Type: Package (Digital Upload)

Assignment Date: 18April 2023

Project Description: This package was International Desk report and was about the conflict between Israil and Palestine. Some months ago, Palestine was attacked by Israil and the conflict raised in Islamic countries of world. In those circumstances, palastine people were restricted to enter Al Aqsa Mosque. But later on, after the envolvement of other muslim countries in this issue, Israil free all muslims to perform Salah of Sabe kadar night. This was the victory for palastine people.

My Responsibility: I was assigned to make a package story about the addressed victory news of palastine people. My core responsibility was to gather relevant and accurate information first and then to do rest. After surfing the web about the previous news of Al Aqsa, I found relavantinformations and also footages from reuters. Combining them with my wriiten script, I go for the panel to develop the visual story.

Research Note:


১৮এপ্রিল ২০২৩

Topic: আল-আকসায় মুসলিমদের বিজয়, কদরের রাতে মুসল্লিদের ঢল

যা যা করতে হবে →

* ইসরায়েল-ফিলিস্তিনি ইতিহাস
* সাম্প্রতিক সংঘাত
* শবে কদরের ইতিহাস
* কদরের রাতে মুসল্লিদের ঢল

Photo 5.1: Research Note on package on Victory of Muslims

My Script Copy:

আল-আকসায় মুসলিমদের বিজয়, কদরের রাতে মুসল্লিদের ঢল

পবিত্র শবে কদরের রাতে আল-আকসা মসজিদে নামাজ আদায় করেছেন লাখ লাখ মুসল্লি। রাতে মসজিদটিতে লাইলাতুল কদর উপলক্ষ্যে নামাজ আদায় করেন প্রায় ২ লাখ ৮০ হাজার মুসল্লি। যদিও ইসরায়েল পুলিশের দাবি, সংখ্যাটি ১ লাখ ৩০ হাজার। মসজিদের বাইরে সশস্ত্র অবস্থানে ছিল ইসরায়েলি বাহিনী। তবে সহিংসতার কোনো ঘটনা ঘটেনি।

আপস...

সাম্প্রতি ইসরায়েলি ও ফিলিস্তিনিদের মধ্যে ব্যাপক উত্তেজনা ও সহিংসতা চলছে। এই রমজানেই আল-আকসা মসজিদের ভেতর ঢুকে ফিলিস্তিনিদের ওপর হামলা চালায় ইসরায়েলি সেনারা।

আপস...

ইসরায়েলি বাহিনীর হামলা পাল্টা হামলা চালায় মুসলিম বিশ্ব। চারিদিক থেকে ইসরায়েলে রকেট হামলা করা হয়। তবে ইসরায়েলও গাজা, লেবানন ও সিরিয়ায় সহিংসতা চালায়।

আপস...

কয়েক দিন ধরে চলা সহিংসতায় পিছু হটে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। গত বুধবার নিরাপত্তা কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে বসেন নেতানিয়াহু। বৈঠক শেষে সরে আসেন নিজের সিদ্ধান্ত থেকে। তিনি জানান, রমজান মাসে কোনো অমুসলিম আল–আকসায় প্রবেশ করবে না। আর এতেই বিজয় হয়েছে মুসলমানদের।

আপস...

মুসলমানদের বিজয়ের সেই চিত্র আরও একবার দেখা গেল পবিত্র আল-আকসায়। সোমবার দিবাগত রাতে পবিত্র শবে কদরে নামাজ আদায় করতে জেরুজালেমের আল-আকসা মসজিদে মুসল্লিদের ঢল নামে।

আপস...

ধর্মপ্রাণ মুসলমানদের বিশ্বাস, পবিত্র এই মসজিদ থেকেই স্বর্গারোহণ করেছিলেন মহানবী হযরত মোহাম্মদ (সা.)। এই রাতেই কুরআনের প্রথম আয়াত নাযিল হয়েছিল।

আপস...

লায়লাতুল কদর রমজানের শেষ ১০ দিনের বিজোড় রাতগুলোর একটি বলে ধারণা করা হয়। তবে সঠিক রাতটি অজানা। ২৭ রোজায় এই রাতটি পড়ে বলে অনেকেই বিশ্বাস করেন।

পে অফ।

News Editor Edited Copy:

আল-আকসায় মুসলিমদের বিজয়, কদরের রাতে মুসল্লিদের ঢল

সাম্প্রতিক সময়ে ইসরায়েলি ও ফিলিস্তিনিদের মধ্যে ব্যাপক উত্তেজনা ও সহিংসতা চলছে। পবিত্র রমজান মাস মুসলমানদের জন্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ। এই রমজানেই ইসরায়েলি সেনারা আল-আকসা মসজিদের ভেতর ঢুকে ফিলিস্তিনিদের ওপর হামলা চালায়।

আপস...

ইসরায়েলি বাহিনীর হামলা মুখ বুঝে সহ্য করেনি মুসলিম বিশ্ব। চারিদিক থেকে ইসরায়েলে রকেট হামলা করা হয়। তবে ইসরায়েলও গাজা, লেবানন ও সিরিয়ায় সহিংসতা চালায়। শুরু করে গোলাবর্ষণ এবং বিমান হামলা।

আপস...

কয়েক দিন ধরে চলা সহিংসতায় পিছু হটে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। গত বুধবার নিরাপত্তা কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে বসেন নেতানিয়াহু। বৈঠক শেষে সরে আসেন নিজের সিদ্ধান্ত থেকে। তিনি জানান, রমজান মাসে কোনো অমুসলিম আল–আকসায় প্রবেশ করবে না। আর এতেই বিজয় হয়েছে মুসলমানদের।

আপস...

মুসলমানদের বিজয়ের সেই চিত্র আরও একবার দেখা গেল পবিত্র আল-আকসায়। সোমবার দিবাগত রাতে পবিত্র শবে কদরে নামাজ আদায় করতে জেরুজালেমের আল-আকসা মসজিদে মুসল্লিদের ঢল নামে। রাতে মসজিদটিতে লাইলাতুল কদর উপলক্ষ্যে নামাজ আদায় করেন প্রায় ২ লাখ ৮০ হাজার মুসল্লি। যদিও ইসরায়েল পুলিশের দাবি, সংখ্যাটি ১ লাখ ৩০ হাজার। মসজিদের বাইরে সশস্ত্র অবস্থানে ছিল ইসরায়েলি বাহিনী। তবে সহিংসতার কোনো ঘটনা ঘটেনি।

আপস...

ধর্মপ্রাণ মুসলমানদের বিশ্বাস, পবিত্র এই মসজিদ থেকেই স্বর্গারোহণ করেছিলেন মহানবী হয়রত মোহাম্মদ (সা.)। এই রাতেই কুরআনের প্রথম আয়াত নাযিল হয়েছিল।

আপস...

লায়লাতুল কদর রমজানের শেষ ১০ দিনের বিজোড় রাতগুলোর একটি বলে ধারণা করা হয়। তবে সঠিক রাতটি অজানা। ২৭ রোজায় এই রাতটি পড়ে বলে অনেকেই বিশ্বাস করেন।

আপস...

ইহুদি, খ্রিষ্টান এবং মুসলমান- তিন সম্প্রদায়ের কাছে পবিত্র স্থান জেরুজালেম। চলতি রমজানের মধ্যে ইহুদি নিস্তারপর্বের ছুটি, এবং খ্রিষ্টীয় পবিত্র সপ্তাহ, পড়েছে। এতে লাখ লাখ তীর্থযাত্রী ও দর্শনার্থীর সমাগম ঘটে জেরুজালেমে। এ নিয়ে প্রায় প্রতি রমজানেই মুসল্লিদের সঙ্গে সংঘর্ষে জড়ায় ইসরায়েলি পুলিশ।

আপস...

গত ১৫ এপ্রিল কয়েক হাজার মুসল্লি ফজরের নামাজের জন্য আল-আকসা মসজিদে যান। ইহুদি দর্শনার্থীদের চলাচলের পথ করে দিতে সে সময় মুসল্লিদের বেধড়ক পেটায় ইসরায়েলি পুলিশ। এতে আহত হন অন্তত ১৫৮ জন, আটক হন শতাধিক।

পে অফ।

Published Copy:

YouTube News Link:https://youtu.be/H88SEuXxrMg

Facebook News Link:https://www.facebook.com/deshtelevisionpage/videos/1449226259155459



Photo 5.2: Youtube Screenshot on package on Victory of Muslims



Photo 5.3: Facebook Screenshot on package on Victory of Muslims



Photo 5.4: Thumbnail on package on Victory of Muslims

My Mistakes:

1. Did some mistakes in Scripting as I am a new student of it.

My learning:

1. Learned how to give proper angel of news to reach it more audiences.
2. Learned a bit of cutting while preparing this pkg on panel.

Project 6

Project Name: Preparing Package on Joe Biden decleared to attend 2024 president election.

Project Type: Package (Digital Upload)

Assignment Date: 27April 2023

Project Description: This package was about Joe Biden's declearation of election 2024 and about bitching of former Russia president in against of Joe Biden's decision. Biden will be the first oldest president of America if he become the next president. It will be the record in American history. Now biden is of 80 years and medically capabled to be the next president.

My Responsibility: I was assigned to make a package story about the mentioned issue of Joe Biden's declearation of presidentship and bitching of former Russia president about it. It was an international news and the editor of news addressed the issue to me and gave me relavent footages for the package. Then I had to contact with international desk reporters to ensure that anyone is doing pkg on this issue or not. After it, collecting database from reuters I completed my script writing and voice over for further proceedings.

Research Note:


Subject :
Date:
২৭এপ্রিল ২০২৩
Topic: ফের নির্বাচনের ঘোষণা বাইডেন বুড়ো বলছে রাশিয়া
যা যা থাকবে হবে →
* বাইডেনের টুইট বার্তা
* রাশিয়ার সাবেক প্রেসিডেন্ট-এর মত
* বাইডেন ট্রাম্প বিগত নির্বাচনের ইতিহাস।

Photo 6.1: Research Note on Package on Joe Biden declearation

My Script Copy:

ফের নির্বাচনের ঘোষণা বাইডেন, বুড়ো বলছে রাশিয়া

যুক্তরাষ্ট্রের ২০২৪ সালের প্রেসিডেন্ট নির্বাচনে লড়াইয়ের ঘোষণা দিয়েছেন দেশটির বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন। মঙ্গলবার টুইটারে এ ঘোষণা দেন তিনি। এ নির্বাচনে জয় পেলে সবচেয়ে বেশি বয়সী প্রেসিডেন্ট হিসেবে দ্বিতীয় মেয়াদে দায়িত্ব পালন করবেন বাইডেন। আবারো নির্বাচনে লড়াইয়ে ঘোষণা দেওয়ার পর প্রেসিডেন্ট জো বাইডেনকে একজন স্মৃতিশক্তি কমে যাওয়া বুড়ো ও `মরিয়া দাদা, বলে অভিহিত করেছেন রাশিয়ার সাবেক প্রেসিডেন্ট দিমিত্রি মেদভেদেভ।

আপস..

 টুইটার বার্তায় বাইডেন লেখেন, `প্রত্যেক প্রজন্মের একটি সময় আসে যখন তাদের গণতন্ত্রের পক্ষে দাঁড়াতে হয়। তাঁদের মৌলিক স্বাধীনতার পক্ষে দাঁড়াতে হয়। আমি বিশ্বাস করি, আমাদের সময়টা এখন। এ কারণেই আমি আবার যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছি। আমাদের সঙ্গে যোগ দিন। আসুন কাজটা শেষ করি।,

আপস..

২০২০ সালের নির্বাচনে জয়লাভের পর প্রথম দুই বছর প্রেসিডেন্ট হিসেবে বাইডেনকে বড় কোনো বাধার মুখে পড়তে হয়নি। নিজ দল ডেমোক্রেটিক পার্টি থেকে বাইডেনের বদলে নির্বাচনে প্রার্থী হওয়ার মতো কেউ আপাতত আলোচনায় নেই। তবে কিছুটা সমস্যা হয়ে উঠতে পারে তাঁর বয়স।

আপস..

বাইডেনের বর্তমান বয়স ৮০ বছর। সে হিসাবে দ্বিতীয় মেয়াদ শেষে তাঁর বয়স হবে ৮৬ বছর। গত ফেব্রুয়ারিতে স্বাস্থ্য পরীক্ষায় বাইডেনকে রাষ্ট্রপ্রধানের দায়িত্ব পালনের জন্য `সক্ষম, বলে উল্লেখ করা হয়েছে। তবে তাঁর নিজের ভোটের ঘাঁটি অঞ্চলসহ অনেকে মনে করেন, প্রেসিডেন্টের দায়িত্ব পালনের জন্য তিনি একটু বেশিই বয়স্ক।

পে অফ

News Editor Edited Copy:

ফের নির্বাচনের ঘোষণা বাইডেন, বুড়ো বলছে রাশিয়া

প্যাকেজ

আগামী বছর যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হবে। ওই নির্বাচনের দাঁড়াতে মঙ্গলবার আনুষ্ঠানিকভাবে নিজের প্রার্থিতা ঘোষণা করেছেন বর্তমান মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। এক টুইট বার্তায় নিজের এই ইচ্ছার কথা জানান ডেমোক্রট দলীয় এই প্রেসিডেন্ট।

আপস

আসন্ন নির্বাচনে জয় পেলে বাইডেনই হবেন দ্বিতীয় মেয়াদে দায়িত্ব পালন করা সবচেয়ে বেশি বয়সী মার্কিন প্রেসিডেন্ট। তবে বাইডেন নির্বাচনে দাঁড়ানোর ঘোষণা দেওয়ার পর, তাকে খোঁচা দিয়ে তীর্যক মন্তব্য ছুড়ে দিয়েছেন পুতিনের ঘনিষ্ঠ রাশিয়ার সাবেক প্রেসিডেন্ট দিমিত্রি মেদভেদেভ। এক টেলিগ্রাম পোস্টে বাইডেনকে একজন বুড়ো ও দাদা বলে বর্ণনা করেছেন।

আপস..

টুইট বার্তায় বাইডেন লেখেন, প্রত্যেক প্রজন্মের একটি সময় আসে যখন তাদের গণতন্ত্রের পক্ষে দাঁড়াতে হয়। তাদের মৌলিক স্বাধীনতার পক্ষে দাঁড়াতে হয়। আমি বিশ্বাস করি, আমাদের সময়টা এখন। এ কারণেই আমি আবার যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছি। আমাদের সঙ্গে যোগ দিন। আসুন কাজটা শেষ করি।

আপস..

বর্তমানে বাইডেনের বয়স ৮০ বছর। সে হিসাবে দ্বিতীয় মেয়াদ শেষে তার বয়স হবে ৮৬ বছর। গত ফেব্রুয়ারিতে স্বাস্থ্য পরীক্ষায় বাইডেনকে রাষ্ট্রপ্রধানের দায়িত্ব পালনের জন্য সক্ষম বলে উল্লেখ করা হয়েছে। তবে তার ভোটের ঘাঁটি হিসেবে পরিচিতি এলাকার অনেকেই মনে করেন, বাইডেন প্রেসিডেন্টের দায়িত্ব পালনের জন্য একটু বেশিই বয়স্ক।

আপস..

২০২০ সালের নির্বাচনে জয়লাভের পর প্রথম দুই বছর প্রেসিডেন্ট হিসেবে বাইডেনকে বড় কোনো বাধার মুখে পড়তে হয়নি। নিজ দল ডেমোক্রেটিক পার্টি থেকে বাইডেনের জায়গায় নির্বাচনে প্রার্থী হওয়ার মতো আপাতত কারও নাম শোনা যাচ্ছে না। তবে বাইডেন প্রার্থিতা ঘোষণা করলেও তার বয়স কিছুটা সমস্যা হয়ে উঠতে পারে।

আপস..

২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্পকে হাড্ডাহাড্ডি এক লড়াইয়ে পরাজিত করেছিলেন বাইডেন। আগামী বছর অনুষ্ঠেয় নির্বাচনে ট্রাম্প যদি আবারও রিপাবলিকান প্রার্থী হন, তাহলে দুজনকে দ্বিতীয়বারের মতো ভোটযুদ্ধে দেখা যাবে। সেক্ষেত্রে ভোটের ফল কী হবে তা জানতে অপেক্ষা করতে হবে আরও প্রায় দেড় বছর।

পে অফ

Published Copy:

YouTube News Link:https://youtu.be/A6PbZYbnga4

Facebook News Link:https://www.facebook.com/deshtvnews/videos/3602670236676088

Photo 6.2: Youtube Screenshot on Package on Joe Biden declearation

Photo 6.3: Facebook Screenshot on Package on Joe Biden declearation



Photo 6.4: Thumbnail on Package on Joe Biden declearation

My Mistakes:

1. Didn’t did any major mistakes during this package making.

My learning:

1. Learned about American’s democary and news angels.
2. Practiced voice over.
3. Practiced script writing.

Project 7

Project Name: Preparing Package on Jacinda Ardern’s fellowship in Harvard University

Project Type: Package (Digital Upload)

Assignment Date: 28 April 2023

Project Description: This package was about Jacinda Ardern’s fellowship in Harvard University. Jacinda was the prime minister of New Zwaland and it was very sudden she decided to stop her political carrier and decided to study. She got a fellowship in Harvard University for her study.

My Responsibility: I was assigned to make a package story about former prime minister of New Zealand Jacinda Ardern’s fellowship in Harvard University. I was surfing the web and found the issue in a online portal’s international section and asked for the assignment to our news editor of digital department. He approved my assignment and after collecting the databases I started the editing process with editor.

Research Note:



Photo 7.1: Research Note on Package on Jacinda Ardern's fellowship

My Script Copy:

দপুটে প্রধানমন্ত্রী থেকে বিশ্ববিদ্যালয়ে বারান্দায় জেসিন্ডা

চলতি বছরের শুরুতে নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করেন জেসিন্ডা আরডার্ন। স্বেচ্ছায় নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রীর পদ ছেড়ে গোটা বিশ্বের নজর কেড়েছিলেন তিনি। পরিবারকে সময় দিতে সক্রিয় রাজনীতি থেকে বিদায় বলেছিলেন জেসিন্ডা। রাজনীতিকে বিদায় বললেও এবার নতুন রুপে দেখা যাবে তাকে। হার্ভার্ড বিশ্ববিদ্যালয়েফেলোশিপের জন্য নিযুক্ত হয়েছেন জেসিন্ডা। একটি সেমিস্টারের জন্য এই বিশ্ববিদ্যালয়ে যোগ দেবেন তিনি। হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে মঙ্গলবার (২৫ এপ্রিল) এ ঘোষণা দেওয়া হয়েছে।

আপস..

হার্ভার্ড ক্যানেডি স্কুলে দ্বৈত ফেলোশিপে নিযুক্ত হয়েছেন জাসিন্ডা। সেখানে `অ্যাঞ্জেলোপোলোস গ্লোবাল পাবলিক লিডারস ফেলো, প্রগ্রামে কাজ করবেন তিনি। হার্ভার্ড কেনেডি স্কুলের ডিন ডগলাস এলমেনডর্ফ বলেছেন, `জাসিন্ডা আরডার্ন বিশ্বকে শক্তিশালী এবং সহানুভূতিশীল রাজনৈতিক নেতৃত্ব দেখিয়েছেন। তিনি তার কাজের মাধ্যমে নিউজিল্যান্ডের বাইরেও সম্মান অর্জন করেছেন। তিনি আমাদের ছাত্রদের জন্য গুরুত্বপূর্ণ অন্তর্দৃষ্টি নিয়ে আসবেন।,

আপস..

এ বিষয়ে নিউজিল্যান্ডের এই সাবেক প্রধানমন্ত্রী বলেন, `সহকর্মী হিসেবে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে যোগদান করতে পেরে অবিশ্বাস্যভাবে ভালো বোধ করছি। এটি কেবল আমাকে অন্যদের সঙ্গে আমার অভিজ্ঞতা ভাগ করার সুযোগই দেবে না, এটি আমাকে শেখার সুযোগ দেবে।,

ইনস্টায় এক পোস্টে তিনি বলেন, `যদিও আমি একটি সেমিস্টারের জন্য চলে যাব। কিন্তু ফেলোশিপ শেষে ফিরে আসব। কারণ সর্বোপরি আমি নিউজিল্যান্ডেরই বাসিন্দা।,

আপস..

নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী জেসিন্ডা আরডার্ন বছরের শুরুতে আকস্মিকভাবে পদত্যাগ করেন। কারণ হিসেবে তিনি বলেছিলেন, প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করতে গিয়ে তিনি ক্লান্ত হয়ে পড়েছেন। তিনি তার ভবিষ্যতের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার জন্য তিনি সময় নিবেন এবং চিন্তাভাবনা করেবেন।

জেসিন্ডা আরডার্ন ২০১৭ সালে যখন প্রধানমন্ত্রী নির্বাচিত হন, তখন তিনি ছিলেন বিশ্বের সবচেয়ে কম বয়সী নারী সরকার প্রধান। সেসময় তার বয়স ছিল মাত্র ৩৭ বছর।

আর্ডার্ন, বামপন্থীদের জন্য একজন বৈশ্বিক আইকন এবং সারা বিশ্বের নারীদের অনুপ্রেরণা। একজন সহানুভূতিশীল নারী ও দৃঢ় নেতৃত্বের জন্য বিশ্বব্যাপী প্রশংসা কুড়িয়েছেন জেসিন্ডা আরডার্ন। পাঁচ বছরেরও বেশি সময় নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন আরডার্ন।

আগামী ১৪ অক্টোবর নিউজিল্যান্ডে পরবর্তী সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। পরবর্তী সাধারণ নির্বাচনে লেবার পার্টি আবার জয় পাবে বলে জেসিন্ডা আশা প্রকাশ করেছেন।

পে-অফ

News Editor Edited Copy:

প্রধানমন্ত্রিত্ব ছেড়ে পড়াশোনা করতে হার্ভার্ডে জাসিন্ডা আরডার্ন

চলতি বছরের শুরুতে নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রীর পদ থেকে সরে দাঁড়ান জেসিন্ডা আরডার্ন। স্বেচ্ছায় নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রীর পদ ছেড়ে দেওয়ার পর তিনি বিশ্ববাসীর নজরও কেড়েছিলেন। ওইসময় জেসিন্ডা জানিয়েছিলেন, পরিবারকে সময় দিতে সক্রিয় রাজনীতি থেকেও বিদায় নিচ্ছেন তিনি। রাজনীতিকে বিদায় বললেও এবার নতুন রুপে দেখা যাবে নিউজিল্যান্ডের সাবেক এই প্রধানমন্ত্রীকে। বিশ্ববিখ্যাত হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে ফেলোশিপ করবেন জেসিন্ডা। সেখানে তিনটি বিষয়ের ওপর গবেষণা করবেন তিনি। হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে মঙ্গলবার (২৫ এপ্রিল) এ ঘোষণা দেওয়া হয়েছে।

আপস..

হার্ভার্ড কেনেডি স্কুলে দ্বৈত ফেলোশিপে চলতি ফল সেমিস্টার যোগ দেবেন জেসিন্ডা। সেখানে অ্যাঞ্জেলো-পোলোস গ্লোবাল পাবলিক লিডারস ফেলো প্রোগ্রামে অংশ নেবেন তিনি। হার্ভার্ড কেনেডি স্কুলের ডিন ডগলাস এলমেনডর্ফ বলেছেন, জেসিন্ডা আরডার্ন বিশ্বকে শক্তিশালী এবং সহানুভূতিশীল রাজনৈতিক নেতৃত্ব দেখিয়েছেন। তিনি তার কাজের মাধ্যমে নিউজিল্যান্ডের বাইরেও সম্মান অর্জন করেছেন। তিনি আমাদের ছাত্রদের জন্য গুরুত্বপূর্ণ অন্তর্দৃষ্টি নিয়ে আসবেন।

আপস..

এ বিষয়ে নিউজিল্যান্ডের সাবেক প্রধানমন্ত্রী জেসিন্ডা বলেন, যৌথ ফেলো হিসেবে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে যোগদানের সুযোগ পেয়ে অবিশ্বাস্যভাবে উচ্ছ্বসিত বোধ করছি। এটি আমাকে কেবল অন্যদের সঙ্গে অভিজ্ঞতা ভাগাভাগি করার সুযোগই দেবে না, পাশাপাশি শেখারও সুযোগ দেবে। ইনস্টাগ্রামে এক পোস্টে তিনি বলেন, যদিও আমি একটি সেমিস্টারের জন্য যাব। কিন্তু ফেলোশিপ শেষে আমি আবারও নিউজিল্যান্ডে ফিরব। কারণ সর্বোপরি আমি নিউজিল্যান্ডেরই বাসিন্দা।

আপস..

গেল জানুয়ারিতে নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রীর পদ থেকে হঠাৎ পদত্যাগ করেন জেসিন্ডা আরডার্ন। কারণ হিসেবে জেসিন্ডা বলেছিলেন, প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করতে গিয়ে তিনি ক্লান্ত হয়ে পড়েছেন। তিনি তার ভবিষ্যতের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার জন্য সময় নেবেন এবং চিন্তাভাবনা করেবেন। জেসিন্ডা আরডার্ন ২০১৭ সালে যখন নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী নির্বাচিত হন, তখন তিনিই ছিলেন বিশ্বের সবচেয়ে কম বয়সী নারী সরকার প্রধান। সেসময় তার বয়স ছিল মাত্র ৩৭ বছর।

আপস

জেসিন্ডা বামপন্থীদের জন্য একজন বৈশ্বিক আইকন এবং সারা বিশ্বের নারীদের অনুপ্রেরণা। একজন সহানুভূতিশীল নারী ও দৃঢ় নেতৃত্বের জন্য বিশ্বব্যাপী প্রশংসা কুড়িয়েছেন তিনি। পাঁচ বছরেরও বেশি সময় নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন জেসিন্ডা। আগামী ১৪ অক্টোবর নিউজিল্যান্ডে নির্বাচন অনুষ্ঠিত হবে। ওই নির্বাচনে লেবার পার্টি আবার জয় পাবে বলেও জেসিন্ডা আশা প্রকাশ করেছেন।

পে-অফ

Published Copy:

YouTube News Link:https://youtu.be/1dXRmTQpQoA

Facebook News Link:https://www.facebook.com/deshtvnews/videos/1170226423667615



Photo 7.2: Youtube Screenshot on Package on Jacinda Ardern's fellowship

Photo 7.3: Facebook Screenshot on Package on Jacinda Ardern's fellowship



Photo 7.4: Thumbnail on Package on Jacinda Ardern's fellowship

My Mistakes:

1. Didn’t did any big mistakes.

My learning:

1. Practiced news writing skill.
2. Practiced SEO on YouTube upload.
3. Practiced Thumbail designing.

Project 8

Project Name: Preparing Package on US and South Korean ROK-US agreement

Project Type: Package (Digital Upload)

Assignment Date: 29 April 2023

Project Description: This package was about US and Soth Korean ROK-US agreement which was formed on the basis of North Korean missile testing. For future security, South Korea and US jointly take this step.

My Responsibility: This was an international package which was assigned by news editor and titled by "**যুক্তরাষ্ট্র-দক্ষিণ কোরিয়াকে কিমের বোনের হুঁশিয়ারি".** I had to collect footages with searching international affairs on reuters and according to reuters description and detailes, I had to write news script in Bangla. Taking to the punch line in light, gave a catchy thumbnail to attract audience.

Research Note:



২৯ এপ্রিল ২০২৩

Topic: যুক্তরাষ্ট্র - দক্ষিণ কোরিয়ার নিরাপত্তা জোটের চুক্তিপত্র

যা যা করতে হবে:

* সম্পূর্ণ ওয়াশিংটন ঘোষণার বর্ণনা
* দুই দেশের চুক্তির কথা
* নিরাপত্তা জোটের শর্ত
* নিরাপত্তা জোটের আলোচনা

Photo 8.1: Research Note on Package on US and South Korean ROK-US agreement

My Script Copy:

যুক্তরাষ্ট্র-দক্ষিণ কোরিয়াকে কিমের বোনের হুঁশিয়ারি

প্যাকেজ

সম্প্রতি উত্তর কোরিয়ার একের পর এক পরীক্ষামূলক ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণের ফলে সৃষ্ট নিরাপত্তা সংক্রান্ত চাপ থেকে মুক্তি পেতে যুক্তরাষ্ট্রের সঙ্গে আরওকে-ইউএস নামের নতুন একটি জোট করে দক্ষিণ কোরিয়া।

গত মঙ্গলবার রাষ্ট্রীয় সফরে যুক্তরাষ্ট্রে যান দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট ইয়ুন সুক ইয়োল।সেখানে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে বৈঠক শেষে মার্কিন প্রেসিডেন্টের বাসভবন হোয়াইট হাউসের সাউথ লনে আয়োজিত এক যৌথ সংবাদ সম্মেলনে এই ঘোষনা দিয়েছেন বাইডেন এবং ইয়োল।

উত্তর কোরিয়াকে ঠেকাতে ওই জোট নিয়ে নাখোশ কোরিয়ার সর্বোচ্চ নেতা কিম জং উনের বোন কিম ইয়ো জং। এই জোট ভবিষ্যতে গুরুতর বিপদ ডেকে আনতে পারে বলে তিনি হুঁশিয়ারি দিয়েছেন।

আপস..

চুক্তির শর্ত অনুযায়ী দক্ষিণ কোরিয়ার জলসীমায় পরমাণু অস্ত্র সজ্জিত সাবমেরিন মোতায়েন রাখবে যুক্তরাষ্ট্র এবং উত্তর কোরিয়ার জন্য যদি কোনো পরমাণু অস্ত্র তৈরির প্রকল্প গ্রহণ করে দেশটি, সেক্ষেত্রে দক্ষিণ কোরিয়াকে তাতে যুক্ত করা হবে।বিনিময়ে দক্ষিণ কোরিয়া নিজস্ব উদ্যোগে কোনো পারমাণবিক অস্ত্র তৈরি করবে না বলে প্রতিশ্রুতি দেন ইয়ুন সুক ইয়োল।

আপস..

উত্তর কোরিয়ার সরকারি বার্তাসংস্থা কে.সি.এন.এ.কে কিম ইয়ো জং বলেন, `আত্মরক্ষার অধিকার সবারই আছে। শত্রুরা পারমাণবিক যুদ্ধের জন্য যত প্রস্তুত হবে, কোরিয়া উপদ্বীপের আশেপাশে যত বেশি পরমাণু অস্ত্র মোতায়েন করবে, আমাদের আত্মরক্ষার প্রস্তুতিও তত জোরদার হবে।,

আপস..

কেসিএনএকে কিম ইয়ো জং আরও বলেন, `উত্তরপূর্ব এশিয়া অঞ্চলে শান্তি ও নিরাপত্তা রক্ষার নামে যদি যুক্তরাষ্ট্র ও দক্ষিণ কোরিয়া, পারমাণু অস্ত্র সংক্রান্ত কোনো পদক্ষেপ নেয়, সেক্ষেত্রে বিশ্বের শান্তি ও স্থিতিশীলতায় গুরুতর বিপদ দেখা দেবে।,

আপস..

২৭ এপ্রিল যুক্তরাষ্ট্র-দক্ষিণ কোরিয়া চুক্তি স্বাক্ষরের কয়েক ঘণ্টা পরেই সতর্কবার্তা দিয়েছিল চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের মুখপাত্র মাও নিং বলেন, `ইচ্ছাকৃতভাবে উত্তেজনা উস্কে দেওয়া, সংঘাতের উসকানি বা

হুমকি-ধামকি দেওয়ার পরিবর্তে সবার উচিত' শান্তিপূর্ণ ও গঠনমূলকভাবে কোরিয়া উপদ্বীপের দুই দেশ উত্তর ও দক্ষিণ কোরিয়ার মধ্যকার যাবতীয় সমস্যার সমাধান করা।,

আপস..

চীনের পর এবার হুঁশিয়ারি দিলেন উত্তর কোরিয়ায় ক্ষমতাসীন ওয়ার্কার্স পার্টির কেন্দ্রীয় কমিটির জেষ্ঠ্য সদস্য কিম ইয়ো জং। বর্তমানে উত্তর কোরিয়ার ক্ষমতা কাঠামোতে তার অবস্থান দেশটির শীর্ষ নেতা কিম জং উনের পরেই। বড়ভাই কিম জং উনের ওপরও তার প্রভাব ব্যাপক রয়েছে।

পে-অফ

News Editor Edited Copy:

যুক্তরাষ্ট্র-দক্ষিণ কোরিয়াকে কিমের বোনের হুঁশিয়ারি

প্যাকেজ

সম্প্রতি কিম জং উনের দেশ উত্তর কোরিয়ার একের পর এক পরীক্ষামূলক ক্ষেপণাস্ত্র ভাবিয়ে তুলেছে যুক্তরাষ্ট্র ও তাদের মিত্রদের। কিমের ঘন ঘন ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণে নিরাপত্তা সংক্রান্ত চাপে এসব দেশ। আর তা থেকে মুক্তি পেতে যুক্তরাষ্ট্রের সঙ্গে আর ও কে - ইউএস নামের নতুন একটি জোট করে দক্ষিণ কোরিয়া।

আপস...

গত মঙ্গলবার রাষ্ট্রীয় সফরে যুক্তরাষ্ট্রে যান দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট ইয়ুন সুক ইয়োল। সেখানে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে বৈঠক শেষে হোয়াইট হাউসে এক যৌথ সংবাদ সম্মেলনে এই ঘোষনা দিয়েছেন বাইডেন এবং ইয়োল।

আপস...

উত্তর কোরিয়াকে ঠেকাতে যুক্তরাষ্ট্র ও দক্ষিণ কোরিয়ার জোট নিয়ে চটেছেন কিম জং উনের বোন কিম ইয়ো জং। দিয়েছেন কঠোর হুঁশিয়ারিও। বলেছেন, এই জোট ভবিষ্যতে গুরুতর বিপদ ডেকে আনতে পারে।

আপস...

চুক্তির শর্ত অনুযায়ী দক্ষিণ কোরিয়ার জলসীমায় পরমাণু অস্ত্র সজ্জিত সাবমেরিন মোতায়েন রাখবে যুক্তরাষ্ট্র। উত্তর কোরিয়ার বিরুদ্ধে যদি কোনো পরমাণু অস্ত্র তৈরির প্রকল্প গ্রহণ করে দেশটি, সেক্ষেত্রে দক্ষিণ কোরিয়াকে তাতে যুক্ত করা হবে। বিনিময়ে দক্ষিণ কোরিয়া নিজস্ব উদ্যোগে কোনো পারমাণবিক অস্ত্র তৈরি করবে না বলেও প্রতিশ্রুতি দিয়েছে যুক্তরাষ্ট্রকে।

আপস...

উত্তর কোরিয়ার সরকারি বার্তাসংস্থা কে.সি.এন.এ.কে কিম ইয়ো জং বলেন, `আত্মরক্ষার অধিকার সবারই আছে। শত্রুরা পারমাণবিক যুদ্ধের জন্য যত প্রস্তুত হবে, কোরিয়া উপদ্বীপের আশেপাশে যত বেশি পরমাণু অস্ত্র মোতায়েন করবে, আমাদের আত্মরক্ষার প্রস্তুতিও তত জোরদার হবে।,

আপস...

বার্তা সংস্থাকে কিম ইয়ো জং আরও বলেন, `উত্তরপূর্ব এশিয়া অঞ্চলে শান্তি ও নিরাপত্তা রক্ষার নামে যদি যুক্তরাষ্ট্র ও দক্ষিণ কোরিয়া, পারমাণু অস্ত্র সংক্রান্ত কোনো পদক্ষেপ নেয়, সেক্ষেত্রে বিশ্বের শান্তি ও স্থিতিশীলতায় গুরুতর বিপদ দেখা দেবে।,

আপস...

২৭ এপ্রিল যুক্তরাষ্ট্র-দক্ষিণ কোরিয়া চুক্তি স্বাক্ষরের কয়েক ঘণ্টা পরেই সতর্কবার্তা দিয়েছিল চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের মুখপাত্র মাও নিং বলেন, `ইচ্ছাকৃতভাবে উত্তেজনা উস্কে দেওয়া, সংঘাতের উসকানি বা হুমকি-ধামকি দেওয়ার পরিবর্তে সবার উচিত' শান্তিপূর্ণ ও গঠনমূলকভাবে কোরিয়া উপদ্বীপের দুই দেশ উত্তর ও দক্ষিণ কোরিয়ার মধ্যকার যাবতীয় সমস্যার সমাধান করা।,

আপস...

চীনের হুঁশিয়ারির পরেই কিম জং উনের বোন কিম ইয়ো জং এই হুঁশিয়ারি দিলেন। বর্তমানে উত্তর কোরিয়ার ক্ষমতা কাঠামোতে তার অবস্থান দেশটির শীর্ষ নেতা কিম জং উনের পরেই। বড়ভাই কিম জং উনের ওপরও ব্যাপক প্রভাব রয়েছে বোন কিম ইয়োর।

পে-অফ

Published Copy:

YouTube News Link:https://youtu.be/NItnErPUIiM

Facebook News Link:https://www.facebook.com/watch/?v=250650600799027



Photo 8.2: Youtube Screenshot on Package on US and South Korean ROK-US agreement

Photo 8.3: Facebook Screenshot on Package on US and South Korean ROK-US agreement

Photo 8.4: Thumbnail on Package on US and South Korean ROK-US agreement

My Mistakes:

1. Didn’t did any big mistakes.

My learning:

1. Practiced video editing.
2. Practiced voice over, SEO, thumbnail designing.

Internship Outcomes

After completing the internship, I have identified both my strengths and areas for improvement, which are as follows:

- I have developed a sense of responsibility and learned how to take ownership of tasks.
- I have built a valuable network of professional contacts.
- I have learned how to develop package story from the beginning to end.
- I have improved my research skills, specifically in the context of digital news.
- My writing skills have also improved during the internship.
- My voice over skill got a new way.
- I have become faster and more accurate in my typing abilities.
- I have learned how to better organize my work and prioritize tasks.
- I now appreciate the importance of time management in achieving my goals.

WORKPLACE LOG

২২ ফেব্রুয়ারি ২০২৩

Topic: জলের মধ্যে ইতালির ভেনিস

যা যা করতে হবে →

* ইতালির ভেনিস কেন বিখ্যাত?
* কেন ইতালি ভেনিস জলের মধ্যে?

→ উচ্চতা, সমুদ্রস্রোত ইত্যাদি

→ ওখানের এম্বুলেন্স, ট্যাক্সি চলে না

→ তাই নৌকা দিয়ে যাতায়াত ব্যবস্থা হবে সেটা উল্লেখ করতে হবে।

মার্চ ১১, ২০২৩

Topic: বিশ্বের মধ্যে এক হচ্ছে ইরান-সৌদি নেপথ্যে কী চীন?

যা যা করতে হবে →

* ইরান - সৌদির একটি ক্রিটিক্যাল সম্পর্ক বিশ্লেষণ করব →
* চীনের ভূমিকা বর্ণনা
* দূতাবাস পুনরায় চালু
* পূর্বের ইতিহাস দুই দেশের সম্পর্ক বিষয়ে

মার্চ ১৪, ২০২৩

ন্যাশনাল জিওগ্রাফি

Topic: মেক্সিকোর ভৌতিক পরিত্যক্ত দ্বীপ, মানুষের মুখ ভরা

যা যা করতে হবে →

* অতিপ্রাকৃত কাহিনী, গুজব
* বিজ্ঞানের মতামত
* অতিপ্রাকৃত মত
* বিজ্ঞানের মতের ব্যাখ্যা

২১ মার্চ ২০২৩

Topic: ৯ কোটির বেশি ডলারের বিনিময়ে বিক্রি হলো কেন জুতো কেন মানুষ কিনবে

যা যা করতে হবে →

* কেন এত দামে জুতো কিনল
* এক জোড়া জুতো বিক্রি হলো ২৮৭ কোটি প্রতিযোগিতায়, অন্যান্য জুতো বিক্রি হয়েছে ২৮৭ কোটি।
* জর্ডান এই জুতো পরে খেলেছিলেন, এখন সংগ্রহে রাখা হয়েছে।

১৮ এপ্রিল ২০২৩

Topic: আল-আকসা মুসলিমদের কাছে কেন
জেরুসালেম কেন মুসলিমদের জন্য

যা যা করতে হবে →

* ইসরায়েল-ফিলিস্তিনি ইতিহাস
* সাম্প্রতিক সংঘাত
* কেন জেরুসালেম ইতিহাস
* জেরুসালেম কেন এত মুসলমানদের
জন্য

২৭ এপ্রিল ২০২৩

Topic: কেন নির্বাচনের ঘোষণা করেছেন
বাইডেন ও কমলা

যা যা করতে হবে →

* বাইডেনের দুই টার্ম
* কমলার সাথে প্রেসিডেন্সিয়াল
নির্বাচন
* বাইডেন ট্রাম্প বিরুদ্ধে
নির্বাচনের ইতিহাস।

২৮ এপ্রিল ২০২৩

Topic: প্রধানমন্ত্রীর দেশে ফিরছেন

যা যা করতে হবে :

* জাপানের প্রধানমন্ত্রীর সাথে হাসিনার
ইতিহাস
* হাসিনার কী নিয়ে আলোচনা
হবে
* জাপানের অর্থনৈতিক অর্জন-
ক্ষেত্র

২৯ এপ্রিল ২০২৩

Topic: যুক্তরাষ্ট্র-দক্ষিণ কোরিয়ার
বিরোধ দেশের হুমকি

যা যা করতে হবে :

* সম্প্রতি যুক্তরাষ্ট্র হামলার ঘটনা
* আমেরিকা - ইউক্রেন যোগ
* উত্তর কোরিয়ার হুমকি কি
* বিভিন্ন দেশের কথা
* বিভিন্ন দেশের অবস্থান

MSJ043

SELF-ASSESSMENT FORM

The purpose of this survey is to obtain students input on how they think they have performed.

Name of Intern: ___Md. Hasanur Rahman Shaun_________

University ID: _____182012016_________

Name of the Institute/Organization:	Desh Television
Corporate Office Address:	Shahid Sangbadik Selina Parvin Rd, Dhaka

Email:	web@desh.tv	Web:	

1. During a typical week, approximately how many hours did you dedicate to your internship?

40

2. Was your internship paid? If yes, how much?

Yes, 10,000 BDT

3. Was your site supervisor available to meet when needed? Tick any one of the following.

☐Not at all ☐Slightly ☐Moderately ☐Quite a bit ☑A great deal

4. Next, we would like to know how you were affected by your internship. Using the scale below, please indicate the degree to which participation in your internship experience increased or strengthened your abilities, attitudes, awareness or understanding in each of the areas identified:

1=Not at all 2=Slightly 3=Moderately 4=Quite a bit 5=A great deal

NO	CRITERIA (Personal)	RATING
1	I have a sense of satisfaction in doing something worthwhile.	5
2	I believe in my ability to make a difference.	5
3	I am open to new experiences.	5
4	I have gained the capacity to be more productive.	5
5	I can recognize my personal strengths.	5
6	I can recognize my personal weaknesses.	5
7	I have a sense of personal achievement.	5
8	I have the ability to persevere in difficult tasks	5
NO	CRITERIA (Social/Interpersonal Impact)	
9	I demonstrate concern for the welfare of others	5
10	I can be understanding and appreciative of people with diverse backgrounds	5

11	I have the ability to work cooperatively with others	5
12	I have the ability to communicate effectively	5
13	I have increased my ability to be a leader	4
14	I feel more connected to my community	4
NO	CRITERIA (Academic learning impact)	
15	I have acquired knowledge from the job duties I performed	5
16	I have broadened my critical thinking skills (reasoning, problem solving)	5
17	I have learnt the ability to work independently	5
18	I feel my classroom learning was enriched	5
19	I have the ability to connect academic subject matter to the real world.	5
NO	CRITERIA (EMPLOYMENT/JOB SPECIFIC IMPACT)	
20	I developed specialised technical skills for a specific job function	5
21	I broadened my future employment possibilities	5
22	I received an opportunity to explore a specific career	5
23	I developed realistic ideas about the work world	5
24	I narrowed my future possible career choices.	4
25	**What is your average score from this test?**	4.88

5. General Comments

I have learnt more from DeshTelevsion which will help me in future goals. Gratitute to ULAB and Desh TV.

Signature of Intern

Professional Competencies

The internship has helped me develop and enhance various professional competencies, which include:

- Enhanced writing skills.
- Improved communication skills.
- Strengthened thinking abilities.
- Learned to work effectively under pressure.
- Increased confidence levels.
- Gained insight into news house organizational behavior.
- Learned how to work collaboratively in a team.
- Developed problem-solving skills.

Some Pictures:

Photo 1: Editing PKG in Panel

Photo 2: Desh TV Digital Panel 01

Photo 3: Collecting and Researching for PKG

Photo 4: With Desh TV New Logo



Photo 5: Team Desh Digital

Concluding Remarks

Working as a digital content executive was an incredible experience that has boosted my confidence and honed my skills. Desk reporting is now one of my top strengths, and I feel better equipped to handle the challenges of journalism.

Journalism has always been a demanding profession, and I face new challenges every day while working in a news organization. My internship was not just a three-month work experience; it marked the beginning of a new chapter in my life. I am grateful to my university, teachers, colleagues, friends, and family for their support in helping me tackle the new challenges ahead.

Thank you for this valuable opportunity.